



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ



উদ্ভাবনের নম : মোবাইল মেসেজের মাধ্যমে রেট্রোরিক্লেকটিভ নম্বর প্রেট ও ডিজিটাল রেজিস্ট্রেশন সার্টিফিকেট প্রত্যুতের স্ট্যাটাস জানা (পরীক্ষামূলক চালু আছে)।

উদ্ভাবক : এ.এইচ.এম. আনোয়ার পারভেজ, সিনিয়র কম্পিউটার অপারেটর(১ম শ্রেণী)

উদ্দেশ্য:

বর্তমানে মোটরযান নিবন্ধন করার পর রেট্রোরিক্লেকটিভ নম্বর প্রেট ও ডিজিটাল রেজিস্ট্রেশন সার্টিফিকেট প্রত্যুতের কোন পর্যায়ে আছে তার জানার জন্য আবেদনকারীকে সংশ্লিষ্ট অফিসে এসে জানতে হতো। এতেকরে তার সময় ও যাতায়াত খরচ অবচয় হয়। এসমস্যা নিরসনের লক্ষ্যে মোবাইল মেসেজের মাধ্যমে রেট্রোরিক্লেকটিভ নম্বর প্রেট ও ডিজিটাল রেজিস্ট্রেশন সার্টিফিকেট প্রত্যুতের স্ট্যাটাস জানার প্রক্রিয়া চালু করার উদ্যোগ গ্রহণ করা হয়। এর ফলে আবেদনকারী ঘরে বসে তার মোবাইলের মেসেজের মাধ্যমে তার মোটরযানের রেট্রোরিক্লেকটিভ নম্বর প্রেট ও ডিজিটাল রেজিস্ট্রেশন সার্টিফিকেট প্রত্যুতের স্ট্যাটাস জানতে পারবেন।

সেবা গ্রহণের প্রক্রিয়া:

রেট্রোরিক্লেকটিভ নম্বর প্রেট:

মোবাইলের মেসেজ অপশনে গিয়ে টাইপ করুন "NP" এবং মেসেজটি পাঠিয়ে দিন ২৬৯৬৯ নাম্বারে। এখানে উল্লেখ্য যে, মোটরযানের মালিকের নিজের মোবাইল অর্থাৎ ব্যাংকে টাকা জমা দেওয়ার সময় যে মোবাইল নাম্বার দেওয়া হয়েছে সে মোবাইল থেকে মেসেজ পাঠতে হবে।

যেমন- টাইপ করুন : NP এবং পাঠিয়ে দিন ২৬৯৬৯ নাম্বারেরে। ফিরতি মেসেজে আপনার রেট্রোরিক্লেকটিভ নম্বর প্রেট প্রত্যুতের বর্তমান স্ট্যাটাস জানানো হবে।

ডিজিটাল রেজিস্ট্রেশন সার্টিফিকেট:

মোবাইলের মেসেজ অপশনে গিয়ে টাইপ করুন "NP<space>DRC" এবং মেসেজটি পাঠিয়ে দিন ২৬৯৬৯ নাম্বারে। এখানে উল্লেখ্য যে, মোটরযানের মালিকের নিজের মোবাইল অর্থাৎ ব্যাংকে টাকা জমা দেওয়ার সময় যে মোবাইল নাম্বার দেওয়া হয়েছে সে মোবাইল থেকে মেসেজ পাঠতে হবে।